

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলীরোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৪.২২.৬৯৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮

০১ মার্চ ২০২২

বিষয়: বগুড়া জেলার খুনট উপজেলাধীন ঝিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) এর প্রার্থিত পদবী ও বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) DEO, বগুড়া এর স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২১/৩০৭; তারিখ: ০৪.০৩.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.২৩০.২১-৫৫; তারিখ: ১৫.১২.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার খুনট উপজেলাধীন ঝিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) এর এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, বগুড়া কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)-মাশিঅ এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মো: নজরুল ইসলাম এর পদবী ও বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী LEC ও বিষয় BANGLA উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী LEC ও বিষয় BANGLA মর্মে জনাব মো: আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)-মাশিঅ এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে পদবী LEC ও বিষয় BANGLA সংযোজনের জন্য আবেদন করেছেন এবং বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ পদবী LEC ও বিষয় BANGLA সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় বগুড়া জেলার খুনট উপজেলাধীন ঝিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসার কর্মরত শিক্ষক জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) এর এমপিও শীটে পদবী LEC ও বিষয় BANGLA সংযোজন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) এর তথ্য এবং প্রার্থিত পদবী ও বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (বাংলা) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়	প্রার্থিত বিষয়	মন্তব্য
০১	জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) ঝিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, খুনট, বগুড়া	১৩/০১/২০০৪ খ্রি.	পদবী ও বিষয়- উল্লেখ নেই	পদবী-LEC ও বিষয়- BANGLA	এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয়-উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থিত পদবী- LEC ও বিষয় BANGLA সংযোজন যোগ্য।

০৪। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার বগুড়া এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: নজরুল ইসলাম (ইনডেক্স নং-R2001924) এর পদবী-LEC ও বিষয়-BANGLA সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ডুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১০ ফর্দ।



১-৩-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: [dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)


পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,  
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১৪.২২.৬৯৯/১(৬)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮  
০১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), বগুড়া।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খুনট, বগুড়া।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, বিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, খুনট, বগুড়া।
- ৫) জনাব মো: নজরুল ইসলাম, (ইনডেক্স নং-R2001924) বিনাই ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, খুনট, বগুড়া।
- ৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



১-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)